চুয়াডাঙ্গায় কর্তব্যরত ট্রাফিক পুলিশদের সাথে দুর্ব্যবহার, তিন যুবক গ্রেফতার

চুয়াডাঙ্গায় পৌর এলাকার একাডেমি মোড়ে ট্রাফিক পুলিশের চেকপোস্টে দায়িত্বরত পুলিশ সদস্যদের সঙ্গে দুর্ব্যবহার ও হুমকির অভিযোগে তিন যুবককে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত হলো রাজু ওরফে লোকাল রাজু, শাওন ওরফে লোকাল শাওনসহ তিনজনকে আটক করেছে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। সোমবার সকালে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবি) সূত্রে এ তথ্য নিশ্চিত করা হয়।

গ্রেপ্তারকৃতদের মধ্যে রাজু চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার বাসিন্দা। তিনি পুরাতন মোটরসাইকেলের ব্যবসা করেন। অপরজন শাওন ওরফে লোকাল শাওনের বাড়িও একই উপজেলায়।

পুলিশ জানায়, গত শনিবার সন্ধ্যার পর চুয়াডাঙ্গা শহরের একাডেমি মোড়ে ট্রাফিক পুলিশের চেকপোস্টে কর্তব্যরত পুলিশ সদস্যদের সঙ্গে অভিযুক্তরা অসৌজন্যমূলক আচরণ করেন। এ সময় তারা পুলিশের কাজে বাধা প্রদান করেন এবং হুমকি-ধামকি দেন বলে অভিযোগ ওঠে। ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে বিষয়টি ব্যাপক আলোচনার সৃষ্টি হয়।

এ ঘটনার প্রেক্ষিতে গতকাল রোববার (৪ জানুয়ারি) চুয়াডাঙ্গা সদর থানায় পুলিশের কাজে বাধা দেওয়ার অভিযোগে রাজু, শাওনসহ তিনজনের বিরুদ্ধে একটি মামলা দায়ের করা হয়। মামলার পর রাতেই জেলা গোয়েন্দা পুলিশ অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে।

এ বিষয়ে জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ (ওসি) মশিয়ার রহমান বলেন, গ্রেপ্তারকৃতদের সকাল সদর থানায় হস্তান্তর করা হয়েছে। জননিরাপত্তা নিশ্চিত করা এবং যানবাহন চলাচলে শৃঙ্খলা বজায় রাখতে অভিযান নিয়মিতভাবে অব্যাহত থাকবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[

মেহেরপুরে ট্রাফিক পুলিশের সচেতনতা মূলক ক্যাম্পেইন

“আইন মেনে চালাবো গাড়ি, নিরাপদে ফিরবো বাড়ি” এই প্রতিপাদ্যে সড়ক দুর্ঘটনা প্রতিরোধ এবং জনসাধারণকে হেলমেট ব্যবহারে উদ্বুদ্ধকরণে মেহেরপুরে লিফলেট ও হেলমেট করেছে ট্রাফিক পুলিশ।

মেহেরপুর জেলা ট্রাফিক বিভাগের আয়োজনে আজ বুধবার (৩০ অক্টোবর) সকাল সাড়ে ১১ টার দিকে মেহেরপুর শহরের কলেজ মোড়ে এ উদ্বুদ্ধকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নিজ হাতে লিফলেট ও হেলমেট বিতরণ করেন পুলিশ সুপার মাকসুদা আকতার খানম।

এ সময় তিনি মোটরসাইকেল চালকদের ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ির বৈধ কাগজপত্র পরীক্ষা করেন এবং তাদেরকে বিনামূল্যে হেলমেট দেন।

এসময় তিনি জনসাধারণকে বলেন, মোটরসাইকেল যাত্রী যারা হেলমেট ছাড়া রাস্তায় চলাচল করে তাদের দুর্ঘটনায় মৃত্যুর ঝুঁকি অনেক বেশি থাকে। হেলমেট পরিধান করলে এই মৃত্যু ঝুঁকি অনেকটা হ্রাস পাবে।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ কামরুল আহসান, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবদুল করিম, জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবীব সোনা, সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, সাংবাদিক রফিকুল আলম প্রমুখ বক্তব্য রাখেন।

এছাড়াও এসময় ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন, মোঃ আব্দুল হান্নান, ট্রাফিক সাব ইন্সপেক্টর মোঃ মেহেদী হাসান প্রমুখ উপস্থিত ছিলেন।

এক সপ্তাহ পর সড়কে ফিরল ট্রাফিক পুলিশ

সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে বৈষম্যবিরোধী শিক্ষার্থীদের আন্দোলন-সহিংসতার জেরে এক সপ্তাহের মতো রাজধানীর সড়কে ছিল না ট্রাফিক পুলিশ। পুলিশ শূন্য রাস্তায় ট্রাফিক নিয়ন্ত্রণে বাঁশি-লাঠি হাতে এ কয়েকদিন সড়কে ট্রাফিক নিয়ন্ত্রণ করেছেন শিক্ষার্থীরা। এ অচলাবস্থার পর সোমবার (১২ আগস্ট) রাজধানীর সড়কে কাজে ফিরেছেন ট্রাফিক পুলিশ সদস্যরা।

সকাল থেকে রাজধানীর বিভিন্ন সড়কে দায়িত্ব পালন শুরু করেছে ট্রাফিক পুলিশ। আগারগাঁও, বাংলামোটর, কারওয়ান বাজার, বিজয় সরণি, জাহাঙ্গীর গেট ও মহাখালীতে ট্রাফিক পুলিশকে দায়িত্ব পালন করতে দেখা গেছে। কোথাও কোথাও পুলিশের সঙ্গে শিক্ষার্থীরা ট্রাফিক নিয়ন্ত্রণে এক সঙ্গে কাজ করছেন।

গত কয়েকদিন ট্রাফিক সামলানোর দায়িত্ব পালন করেছেন শিক্ষার্থীরা; তাদের কাছ থেকে সড়কের দায়িত্ব বুঝে নিচ্ছেন ট্রাফিক পুলিশের সদস্যরা।

শিক্ষার্থীদের কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে দেশব্যাপী পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের সংঘর্ষে হতাহতের ঘটনার পর কিছু দাবিতে গত ৬ আগস্ট থেকে কর্মবিরতির ঘোষণা দেয় বাংলাদেশ পুলিশ অধস্তন কর্মচারী সংগঠন।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুর ট্রাফিক পুলিশ বিভাগের অভিযান, ৪ টি মামলা

মোটরসাইকেলের বৈধ কাগজপত্র না থাকায় ৪ টি মোটরসাইকেলের মালিকের বিরুদ্ধে মোটরজান আইনে মামলা দিয়ে মোটরসাইকেলগুলো জব্দ করেছে

মেহেরপুর ট্রাফিক বিভাগ।

মঙ্গলবার (২২ নভেম্বর) দুপুর ট্রাফিক সার্জেন্ট আলামিন হোসেন এর নেতৃত্বে শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে মামলা দিয়ে ৪ টি মোটরসাইকেল জব্দ করেন। এসময় তিনি প্রায় ২০ টি মোটরসাইকেলের কাগজপত্র ও মালিকের প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষা করেন।

মেহেরপুর জেলা ট্রাফিক পুলিশ বিভাগের সার্জেন্ট আলামিন হোসেন এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, মোটরসাইকেলের বৈধ কাগজপত্র ও চালকের ড্রাইভিং সহ প্রয়োজনীয় কাগজপত্র চেক অব্যাহত থাকবে।

বামন্দীতে ট্রাফিক পুলিশের অভিযানে ২৮টি গাড়ি ও চালকের বিরুদ্ধে মামলা

গাংনীর বামন্দীতে জেলা ট্রাফিক পুলিশের অভিযানে ২৮টি মোটরসাইকেল জব্দ ও পৃথক আইনে মামলা দায়ের হয়েছে।

আজ সোমবার (১৪ নভেম্বর) সকাল থেকে দুপুর পর্যন্ত মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বামন্দী বাসস্ট্যান্ডে এই অভিযান চালানো হয়। মোটরসাইকেলের বৈধ কাগজপত্র না থাকা ও চালকের

বৈধ কাগজপত্র, হেলমেট ও ড্রাইভিং লাইসেন্স না থাকায় তাদের বিরুদ্ধে পুলিশের পক্ষ থেকে মামলাগুলো দায়ের করা হয়। মামলা নিষ্পত্তি শেষে গাড়ি গুলো দেওয়া হবে বলে জানান ট্রাফিক পুলিশ।

জেলা ট্রাফিক পুলিশের সার্জেন্ট মুকুল হোসেন বলেন, বামন্দী বাজার এলাকায় জব্দকৃত গাড়ির কোনো বৈধ কাগজপত্র নেই, এছাড়া চালকের ড্রাইভিং লাইসেন্স ও হেলমেট নেই। তাই এসব গাড়ি জব্দ শেষে পৃথক ধারায় মামলা দেওয়া হয়েছে।

জেলা ট্রাফিক পুলিশ অফিস থেকে মামলা নিষ্পত্তি সাপেক্ষে গাড়ি গুলো নিজ নিজ মালিকের কাছে হস্তান্তর করা হবে।

মোটারসাইকেল গুলো বামন্দী পুলিশ ক্যাম্প হেফাজতে রাখা হয়েছে। অভিযানে সহযোগীতা করেন, টিএসআই সুলতান আলী, এটিএসআই ইয়াহিয়া ও বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ সহ অন্যান্য সদস্যরা।

মেহেরপুরে ট্রাফিক পুলিশের অভিযান ৭ টি মোটরসাইকেল জব্দ

রেজিস্ট্রেশন বিহীন মোটরসাইকেল জব্দ অভিযানে ৭ টি মোটরসাইকেল জব্দ করেছে মেহেরপুর ট্রাফিক বিভাগ।

মেহেরপুর ট্রাফিক সার্জেন্ট আসিফ আলীর নেতৃত্বে ট্রাফিক পুলিশের একটি টিম বৃহস্পতিবার (২৭ অক্টোবর) দুপুরের দিকে শহরের বিভিন্ন মোড়ে অভিযান চালিয়ে ৭ টি মোটরসাইকেল জব্দ করে। অভিযান পরিচালনার সময় প্রায় ২২ টি মোটরসাইকেলের কাগজপত্র পরীক্ষা করেন তারা।

অভিযানকালে বৈধ কাগজ না থাকায় ৭ গাড়ি জব্দ করা হয়েছে। অভিযানে এটিএসআই ইয়াহিয়াসহ ট্রাফিক পুলিশের অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা দর্শনা ট্রাফিক পুলিশের বিশেষ অভিযানে মামলাসহ মোটরসাইকেল আটক

চুয়াডাঙ্গার দর্শনায় জেলা ট্রাফিক পুলিশ ঝটিকা অভিযান চালিয়ে ৫টি মামলা ও আনুমানিক ২৫ টি মোটরসাইকেল আটক করেছে।